



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের খুলনা ডিভিশনের আওতাধীন
বরিশাল রূপাতলী হাউজিং এস্টেটে নবসৃষ্ট আবাসিক প্লট বরাদ্দের

প্রস্পেক্টাস ও আবেদন পত্র



মূল্যঃ ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা।

www.nha.gov.bd

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন খুলনা বিভাগাধীন বরিশাল
রূপাতলী হাউজিং এস্টেটে নবসৃষ্ট আবাসিক প্লট বরাদ্দের**

প্রসপেক্টাস

- ১। (ক) বরিশাল জেলার রূপাতলী হাউজিং এস্টেটের আবাসিক প্লট বরাদ্দ প্রাপ্তির জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিক / ব্যক্তিগণ ১০০০.০০ (এক হাজার) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে ক্রয়কৃত প্রসপেক্টাস এর সহিত নির্ধারিত ফরমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করিতে হইবে ।
- (খ) বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) প্লট বরাদ্দের জন্য আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে ঐ দেশের নেটারী পাবলিক / বাংলাদেশ দুর্ভাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে । চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাবরে FC A/C.No. 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এর মাধ্যমে ১৫ (পনের) মার্কিন ডলার জমা প্রদানক্রমে সংগ্রহ করিতে পারিবেন অথবা আবেদনকারী যেভাবে যে ঠিকানায় প্রসপেক্টাস পাইতে ইচ্ছুক সে ঠিকানাটি ই-মেইল ও ফ্যাক্সযোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়কে অবহিত করিলে (National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh. Phone : +88-02-9562762, Fax : +88-02-9562618, e-mail : chairman@nha.gov.bd) সেই ঠিকানায় প্রসপেক্টাস প্রেরণ করা হইবে । তবে এইক্ষেত্রে ঢাক মাশুলের খরচ আবেদনকারীকে বহন করিতে হইবে ।
- ২। যদি কাহারো বরিশাল সিটি কর্পোরেশন এলাকার মধ্যে নিজ নামে, স্ত্রী / স্বামী / সন্তান / পোষ্যের নামে বা বেনামে বসবাসের জন্য কোন প্লট বা জমি থাকিলে এই হাউজিং এস্টেটে প্লট বরাদ্দের জন্য দরখাস্ত করিবার যোগ্য হইবেন না । এ বিষয়ে পরবর্তীতে উত্তরপ প্রমাণিত হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দের আদেশ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াঙ্গ হইবে ।
- ৩। প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট / নেটারী পাবলিক এর সম্মুখে নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ০১-০১-২০২৩ খ্রিস্টাব্দ তারিখের পরে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে । (NRB) এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা / বাংলাদেশ দুর্ভাবাসের কোন কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে ।
- ৪। কাঠা প্রতি জমির আনুমানিক মূল্য = ১০,০০,০০০/- (কথায়-দশ লক্ষ) মাত্র । নিম্নে প্লটের আনুমানিক আয়তন ও সংখ্যা দেওয়া হইল :

ক্রমিক নং	প্লটের আয়তন	প্লটের সংখ্যা
১।	৩.০০ কাঠা এবং এর উর্দ্ধে	১৬ টি
২।	২.৫০ (কম/বেশি) কাঠা	০৫ টি

ওয়ান ব্যাংক লিমিটেড এর নিম্নলিখিত শাখা সমূহ হতে অফিস চলাকালীন সময়ে ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ প্রদান সাপেক্ষে প্রসপেক্টাস ক্রয় এবং আবেদনপত্র দাখিল করা যাবে: (০১) ঢাকা, গৃহায়ন ভবন উপ-শাখা, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ । (০২) ঢাকা, শ্যামলী রিং রোড শাখা, শম্পা সুপার মার্কেট, ৬/৭, আদর্শ ছায়ানীড়, রিং রোড, শ্যামলী, ঢাকা । (০৩) ঢাকা, মিরপুর শাখা, আর এস এইচ টাওয়ার, প্লট নং-২৩, রোড নং-৩, ইলক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা । (০৪) রাজশাহী, রাজশাহী শাখা, ৮৮-৯১ স্টেশন রোড, রানিবাজার, বোয়ালিয়া, রাজশাহী । (০৫) বগুড়া, বগুড়া শাখা, ৭৩২/এ, বাবু টাওয়ার, বগুড়া-রংপুর সড়ক, বড়গোলা, বগুড়া । (০৬) রংপুর, রংপুর শাখা, শাহ বাড়ী টাওয়ার, ২৮৬, স্টেশন রোড, পুল্পপাড়া, রংপুর । (০৭) বরিশাল, বরিশাল শাখা, কে জাহান সেন্টার, ১০৬, সদর রোড, কোতয়ালী, বরিশাল । (০৮) খুলনা, খুলনা শাখা, জে কে টাওয়ার, ৭৯, যশোর রোড, পিকচার প্যালেস, খুলনা । (০৯) চট্টগ্রাম, সিডিএ এভিনিউ শাখা, এভিনিউ সেন্টার, ৭৮৭/এ, সিডিএ এভিনিউ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম । (১০) সিলেট, সিলেট শাখা, ফিরোজ সেন্টার, ৮৯১/ক, চৌহাটি, সিলেট । (১১) কুমিল্লা, কুমিল্লা শাখা, হোল্ডিং নং-৩৪৯, শহীদ খাজা নাজিম উদ্দিন রোড, বাদুরতলা, কোতয়ালী, কুমিল্লা । (১২) নোয়াখালী, মাইজদী কোর্ট শাখা, মাইজদী পৌর সুপার মার্কেট, মাইজদী কোর্ট, ওয়ার্ড নং-০৪, নোয়াখালী পৌরসভা, নোয়াখালী । (১৩) যশোর, যশোর শাখা, এম, এস অর্কিড সেন্টার, ৪৪, এম, কে রোড, যশোর । (১৪) কুষ্টিয়া, কুষ্টিয়া শাখা, খুশি প্লাজা, ২৫৮, এন, এস রোড, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া । (১৫) ফরিদপুর, ফরিদপুর শাখা, লাম শাহজাদী টাওয়ার, ২১৩, আলীপুর রোড, ফরিদপুর সদর, ফরিদপুর ।

৫। (ক) প্রত্যেক আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত হারে জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, এর অনুকূলে যে কোন তফসীলভুক্ত / বাণিজ্যিক ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে জমা দিতে হইবে :

৩.০০ কাঠা এবং এর উদ্দেশ্যে আয়তনের প্লটের জন্য ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।

২.৫০ (কম/বেশি) কাঠা আয়তনের প্লটের জন্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা মাত্র।

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ প্লট বরাদের জন্য আবেদন করিতে পারিবেন। তাহারা অবশ্যই সমপরিমাণ টাকা পাউন্ড স্টার্লিং / আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে FC A/C. No. 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এর মাধ্যমে প্রদান করিবেন। তাহাদের ক্ষেত্রে ঐ দেশের নেটারী পাবলিক / বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। বিদেশী আবেদনকারীর ক্ষেত্রে জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় / ব্যাংক ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে না।

(খ) যাহারা প্লট পাইবেন না তাহাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর স্বল্প সময়ের মধ্যে নির্বাচী প্রকৌশলী, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা অফিস হইতে ফেরত দেওয়া হইবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হইবে না।

(গ) সকল আবেদনকারী তাহাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে ফেরত পাইতে ইচ্ছুক তাহার একাউন্ট নম্বর, ব্যাংকের নাম ও ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করিবেন। যে সকল আবেদনকারী প্লট পাইবে না অথবা প্লট পাইলে পরবর্তীতে নিতে আগ্রহী হইবেন না তাহাদের জামানতের টাকা উক্ত একাউন্ট নম্বর ও ঠিকানায় আবেদন সাপেক্ষে প্রেরণ করা হইবে।

৬। যে সকল আবেদনকারী প্লটের বরাদ্দ পাইবেন, তাহাদের প্রদত্ত জামানতের টাকা জমির মূল্যের প্রথম কিস্তির সহিত সমন্বয় করা হইবে। আবেদনকারীগণ প্লট বরাদ্দ পাওয়া সত্ত্বেও প্লট নিতে ইচ্ছুক না হইলে, তাহারা জামানতের টাকা ফেরত চাহিয়া আবেদন করিলে আবেদন প্রাপ্তির স্বল্প সময়ের মধ্যে জমাকৃত জামানতের অর্থ সুদ বিহীন ফেরত দেওয়া হইবে।

৭। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

৮। যাহাদের বাংসরিক আয় ৩,০০,০০০.০০/- (তিনি লক্ষ) টাকার উর্ধ্বে তাহাদেরকে এওঘ সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। চাকুরীজীবি আবেদনকারীদের বেতন ক্ষেত্রে মাসিক বেতন সম্পর্কে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করিয়া সংযুক্ত করিতে হইবে। ক্রমিক নং-১০ (ক), (খ), (ছ), (জ) এবং (ঝ) তে উল্লেখিত পেশাজীবি গ্রহণে ব্যতিত অন্যান্য আবেদনকারীগণ, যাহাদের বাংসরিক আয় ৩,০০,০০০.০০/- (তিনি লক্ষ) টাকার নিচে, তাহাদের আয়ের স্বপক্ষে ১ম শ্রেণীর গেজেটেড অফিসার / স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীর কর্মকর্তা / চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ / মেয়ার, পৌরসভা কর্তৃক সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

৯। আবেদনকারীর বয়স ০১-০১-২০২৩ ইং তারিখে ন্যূনতম ২৫ বৎসর হইতে হইবে।

১০। **কোটা বন্টণ:** বরাদ্দ যোগ্য প্লট অপ্রতুল্য হওয়ায় শুধুমাত্র সংরক্ষিত কোটায় ৩ (তিনি) কাঠা আয়তনের প্লট ৪ (চার) টি (মানবীয় মন্ত্রী মহোদয় ০২ (দুই) টি, সচিব মহোদয় ০১ (এক) টি ও চেয়ারম্যান মহোদয় (জাগুক) ০১ (এক) টি) সরক্ষণ করে অবশিষ্টগুলো সকল আবেদনকারীর জন্য উন্মুক্ত লটারীর মাধ্যমে বন্টণ করা হবে। তবে আবেদনকারীকে নিজ পেশা উল্লেখপূর্বক পেশার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজগুলি দাখিল করতে হবে।

১১। **জমির মূল্য পরিশোধ পদ্ধতি :**

(ক) **প্রথম কিস্তি:** বরাদ্দকৃত জমির মোট মূল্যের ৪০% টাকা বরাদ্দ পত্র জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করিতে হইবে। জামানতের টাকা প্রথম কিস্তির সহিত সমন্বয় করা হইবে।

(খ) **দ্বিতীয় কিস্তি:** বরাদ্দ পত্র জারীর ১২ (বার) মাসের মধ্যে ৯% সুদসহ মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করিতে হইবে।

(গ) **তৃতীয় কিস্তি:** বরাদ্দ পত্র জারীর ১৮ (আঠার) মাসের মধ্যে মোট ৯% সুদসহ মূল্যের ২০% টাকা পরিশোধ করিতে হইবে।

(ঘ) **চতুর্থ কিস্তি:** বরাদ্দ পত্র জারীর ২৪ (চৰিশ) মাসের মধ্যে ৯% সুদসহ মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করিতে হইবে। অর্থাৎ সর্বমোট ১০০% মূল্য পরিশোধ করিতে হইবে।

(ঙ) বরাদ্দপত্র জারীর ৪৫ (পঞ্চাশিল) দিনের মধ্যে প্লটের মূল্য সুদ ব্যতিত এককালীন অথবা জমির ৪৬ কিস্তির টাকা পরিশোধের ৬ (ছয়) মাস পর প্লটের বাস্তব দখল হস্তান্তরসহ লীজ দলিল রেজিস্ট্র করিবার ব্যবস্থা আবেদনকারীর আবেদন পত্রের প্রেক্ষিতে করা হইবে। ইহার যাবতীয় ব্যয়ভার বরাদ্দ গ্রাহিতাকে বহন করিতে হইবে।

- (চ) লীজ দলিল সম্পাদনের ৫ (পাঁচ) বৎসরের মধ্যে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর ছাড়পত্র এবং স্থানীয় পৌর কর্তৃপক্ষের অনুমোদিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ করিতে হইবে। অন্যথায় বরাদ্দ বাতিল পূর্বক জমাকৃত অর্থের ৫% বাজেয়াঙ্গ করিয়া অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে।
- (ছ) যাহারা বরাদ্দের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমির মূল্যের প্রথম কিস্তির টাকা পরিশোধ করিতে ব্যর্থ হইবেন তাহারা অতিরিক্ত ০৩ (তিনি) মাস পর্যন্ত ৯% সুদসহ ১ম কিস্তির টাকা পরিশোধ করিতে পারিবেন। অন্যথায় তাহাদের বরাদ্দপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। এক্ষেত্রে কোন নোটিশ জারী করা হইবে না।
- (জ) প্রথম কিস্তির টাকা প্রদানের পর যাহারা সময়মত অন্যান্য কিস্তির মূল্য পরিশোধ করিতে ব্যর্থ হইবেন, তাহাদেরকে কিস্তির জন্য নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ৯০ (নববই) দিন পর্যন্ত খেলাপী টাকার উপরে ১৩% হারে, ৯০ (নববই) দিন অতিক্রান্ত হলে খেলাপী টাকার উপর ০৬ (ছয়) মাস পর্যন্ত ১৬% হারে সুদ সহ টাকা গ্রহণ করা যাবে। তবে ৬ (ছয়) মাসের অধিক সময় খেলাপী হলে কেন বরাদ্দ বাতিল করা হবে না তার ব্যাখ্যা চাওয়া হবে এবং যুক্তিসংগত কারন বিবেচনায় ০১ (এক) বছর পর্যন্ত ১৮% এবং ০৫ (পাঁচ) বছর পর্যন্ত ২১% হারে সুদ নেওয়া যাবে। তবে খেলাপী কাল ০৫ (পাঁচ) বছরের অধিক হলে বরাদ্দ বাতিল হবে। তবে যুক্তিসংগত কারন বিবেচনায় যে কোন মেয়াদী খেলাপী চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত্বাবলী কেস টু কেস নিষ্পত্তি করা যাবে।
- ১২। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ নির্ধারিত এফ সি একাউন্টস এর মাধ্যমে অথবা বাংলাদেশী মুদ্রায় জমির মূল্য পরিশোধ করিতে পারিবেন। সরকার (এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পাইলে তাহা গ্রহণে সম্মত থাকিতে হইবে।
- ১৩। অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃতভাবে তথ্য গোপন করিলে বা ভুল তথ্য পরিবেশন করিলে এবং প্রমাণিত হইলে, বরাদ্দপত্র বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াঙ্গ করা হইবে।
- ১৪। একান্নভুক্ত পরিবার হইলে মাত্র একটি আবেদন করা যাইবে। একান্নভুক্ত পরিবারের সদস্যগণ একাধিক প্লট বরাদ্দ পাইলে এবং তাহা কোন সময়ে প্রমাণিত হইলে, প্লট বরাদ্দ বাতিল করা হইবে এবং প্লটের জন্য জমাকৃত জামানতের টাকা বাজেয়াঙ্গ করা হইবে। তবে বিষয়টি ক্ষতিগ্রস্তদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।
- ১৫। আবেদনকারীর সঠিক বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণীর গেজেটেড অফিসার / স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত এসএসসি / সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেটের অনুলিপি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। যাহারা এসএসসি / সমমান পরীক্ষা পাশ করেন নাই, তাহাদের বয়স প্রমাণের জন্য ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন সনদ / ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / সিটি কর্পোরেশনের কমিশনারের সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে।
- ১৬। আবেদনকারীকে প্রকল্প এলাকার যে কোন স্থানে বরাদ্দকৃত প্লট গ্রহণে সম্মত থাকিতে হইবে।
- ১৭। জমির মূল্য সাময়িকভাবে কাঠা প্রতি ১০,০০,০০০/- (টাকা- দশ লক্ষ) মাত্র টাকা ধার্য করা হইয়াছে। যে কোন কারণে প্লটের উন্নয়ন ব্যয় বৃদ্ধি পাইলে উক্ত জমির মূল্য আনুপাতিক হারে বৃদ্ধি পাইবে, যাহা পরিশোধে সম্মত থাকিতে হইবে। উক্ত বর্ধিত মূল্য বরাদ্দ প্রাপকগণকে শেষ কিস্তির সহিত পরিশোধ করিতে হইবে। অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং প্রদানকৃত জামানতের টাকা (সুদবিহীন) ফেরত দেওয়া হইবে।
- ১৮। আবেদনপত্রের সহিত আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করিতে হইবে।
- ১৯। প্রসপেক্টাসে উল্লেখিত যে কোন শর্ত / শর্তাদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে পরিবর্তন / পরিবর্ধন / সংযোজন / বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করে।
- ২০। প্লট বরাদ্দের ক্ষেত্রে বরিশাল জেলার স্থায়ী বাসিন্দাগণের অগ্রাধিকার দেওয়া হইবে।

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেঞ্চুরাগিচা, ঢাকা।
ফোন : (০২) ৯৫৬২৭৬২

পরিশিষ্ট-খ
৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে
“হলফ নামার নমুনা”

১ কপি
রঙ্গীন ছবি

আমি:

পিতা / স্বামী: মাতা:

জন্ম তারিখ:

বর্তমান ঠিকানা:

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা: গ্রাম:

ডাকঘর: থানা:

জেলা: নাগরিকত্ব:

এ মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক প্লটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করছি যে, আমার নিজের নামে / স্ত্রী / স্বামী বা পুত্র / কন্যা বা পোষ্যের নামে বা বেনামে ইতোপূর্বে সাবেক গৃহসংস্থান অধিদণ্ডের (বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) অথবা অন্য কোন সরকারি / আধাসরকারি / স্বায়ত্তশাসিত সংস্থা হইতে প্লট বরাদ্দ করা হয় নাই।

আমি আরো অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল শর্তাবলীও মেনে চলবো।

উর্ধ্যুক্ত ঘোষণা সত্য ও নির্ভুল।

NHA

হলফকারী আমার পরিচিত,
তিনি আমার সম্মুখে সহি সম্পাদন করেছেন।
আমি তার পরিচয় প্রদানকারী।

হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

নেটারী পাবলিক / প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

এডভোকেট

বিদেশে চাকুরীরত / কর্মরত প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নেটারী পাবলিক /
বাংলাদেশ দৃতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলনোহর



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা।

www.nha.gov.bd

আবেদনপত্রের ক্রমিক নম্বর

অফিস কর্তৃক পূরণ করা হবে।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের খুলনা ডিভিশনের আওতাধীন
বরিশাল জুপাতলী হাউজিং এস্টেটে নবসৃষ্ট আবাসিক প্লট বরাদ্দের

২ (দুই) কপি রঙিন
পাসপোর্ট সাইজের ছবি

১ (এক) কপি সুন্দৃতভাবে আঁচ্ছা
দিয়ে লাগিয়ে দিতে হবে।

আবেদনপত্র

- ১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে বাংলায়):
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে):
- ২। পিতার নাম:
- ৩। মাতার নাম:
- ৪। স্বামী / স্ত্রীর নাম:
- ৫। আবেদনকারীর জন্ম তারিখ:
- ৬। ০১.০১.২০২৩ তারিখে বয়স (বয়সের প্রমাণপত্র সংযুক্ত করতে হবে): বছর..... মাস..... দিন
- ৭। বর্তমান ঠিকানা:
মোবাইল নং: ই-মেইল:
- ৮। স্থায়ী ঠিকানা:
মোবাইল নং: ই-মেইল:
- ৯। জাতীয় পরিচয়পত্র / পাসপোর্ট নং:
- ১০। পেশার বিবরণ:
(ক) অফিস / সংস্থা / ব্যবসা প্রতিষ্ঠানের নাম:
- (খ) পদের নাম:
- (গ) বেতন ক্ষেত্র:
- (ঘ) বর্তমান প্রাপ্ত বেতন ক্ষেত্র:
- (ঙ) চাকুরিতে যোগদানের তারিখ:
- (চ) বার্ষিক মোট আয়:
- ১১। ই টি আই এন নম্বর (যদি থাকে):
- ১২। প্রস্পেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর: তারিখ:
- ১৩। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর জমাকৃত পে-অর্ডার / ব্যাংক ড্রাফট নং:
টাকার পরিমাণ: তারিখ:
- ব্যাংকের নাম: শাখা:
- ১৪। যে আয়তনের প্লটের জন্য আবেদন করতে ইচ্ছুক তার পরিমাণ:
খুলনা ডিভিশনের আওতাধীন বরিশাল জুপাতলী হাউজিং এস্টেটের প্লটের ক্ষেত্রে জামানতের পরিমাণ:
 ৩.০০ কাঠা এবং এর উর্দ্দে আয়তনের প্লটের জন্য = ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।
 ২.৫০ কাঠা (কম / বেশি) আয়তনের প্লটের জন্য = ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা মাত্র।
- ১৫। হলফলামা সম্পাদনের তারিখ:
- ১৬। আবেদনকারী বাংলাদেশের যে ব্যাংক হিসাবে সরাসরি (অনলাইন ব্যাংকিং সুবিধা থাকতে হবে) জামানত ফেরত পেতে আগ্রহী:
(ক) হিসাব নম্বর: (খ) রাউটিং নম্বর:
- (গ) ব্যাংকের নাম: (ঘ) শাখা:
- (ঙ) Swift Code (যদি থাকে):
- আমি ঘোষণা করছি যে, আমার উপযুক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্তৃত এবং সত্য।

আবেদনের তারিখ: []

(বিঃ দ্রঃ আবেদনপত্র পূরণ করার পূর্বে অনুমতিপ্রাপ্ত প্রস্পেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন)

আবেদনকারীর স্বাক্ষর